APR 30 2002

দৈনিক জনকন্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# সৌদিতে ইংরেজী শিক্ষক নিয়োগ ॥ সৌভাগ্যবান মাত্র ১৫ জন !

শরিফুজ্জামান পিন্টু

সৌদি সরকারী বিশেষজ্ঞ দল সে দেশের প্রাথমিক লেভেলে পড়ানোর জন্য অন্তত ৫০ ইংরেজী শিক্ষক নেবার মিশন নিয়ে এলেও ওদের মাপকাঠিতে যোগ্য হয়েছেন বাংলাদেশের মাত্র ১৫

(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## সৌদিতে ইংরেজী

(প্রথম পাতার পর)

শিক্ষক। শিক্ষা মন্ত্রণালয় দেশের স্কুল-কলেজ থেকে আবেদনকারী সাড়ে সাত শ' ইংরেজী শিক্ষকের মধ্যে ২৬১ জনের একটি তালিকা দিলেও সৌদি এক্সপার্টরা লিখিত ও মৌখিক পরীক্ষা নিয়ে এই ১৫ জনকে নির্বাচিত করেছেন। আগামী ৭ আগস্ট থেকে ৭ সেপ্টেম্বরের মধ্যে এসব সৌভাগ্যবান শিক্ষক সৌদি আরব যাবেন। প্রত্যেকে মাসিক বেতন-ভাতা হিসাবে সর্বসাকল্যে পাবেন প্রায় ৬০ হাজার টাকা। নির্বাচিত এসব শিক্ষককে শিক্ষা মন্ত্রনালয় প্রস্তুতিমূলক প্রশিক্ষণ দিচ্ছে।

দেশের স্কুল-কলেজ থেকে আবেদনকারী প্রায় সাড়ে সাত শ' ইংরেজী শিক্ষকের পারফরমেন্সে খোদ শিক্ষা মন্ত্রণালয় কর্মকর্তারা বিস্ময় প্রকাশ করেছেন। সিলেকশন বোর্ডে থাকা এক কর্মকর্তা জানান, আমাদের শিক্ষকদের উচ্চারণ, বাক্য গঠন ও গ্রামার এত দুর্বল ছিল যে লজ্জা পেতে হয়েছে। এছাড়া তাঁরা এতই নার্ভাস হয় যে, ভাইভা বোর্ডের সামনে অনেকে কাঁপতে থাকেন। ঐ কর্মকর্তা জানান, অধিকাংশের পারফরমেন্স পুওর হলেও বিদেশে ইংরেজী শিক্ষক পাঠানোর ক্ষেত্রে প্রথম এই পদক্ষেপ শিক্ষকদের মধ্যে আশাবাদ সৃষ্টি করবে এবং তাঁরা নিজেদের দক্ষ ও যোগ্য করতে আন্তরিক হবেন।

জানা যায়, পাশ্চাত্য ধাঁচের শিক্ষার প্রতি সৌদি আরব সম্প্রতি বেশ ঝুঁকে পড়েছে। নিচের লেভেল থেকে ইংরেজী শিক্ষাকে সৌদি সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে। মালয়েশিয়া, পাকিস্তান, সুদানসহ বিশ্বের ৮/৯টি দেশ থেকে ইংরেজী শিক্ষক নেয়া হচ্ছে। এরই অংশ হিসাবে শিক্ষা মন্ত্রণালয়ের আগ্রহে বাংলাদেশ থেকে তারা প্রাথমিকভাবে অন্তত ৫০ ইংরেজী শিক্ষক নিতে ইচ্ছা প্রকাশ করে। এ জন্য দু' শ' শিক্ষকের একটি তালিকা প্রণয়নের জন্য সুপারিশ করে শিক্ষা মন্ত্রণালয়কে। আবেদনপত্র আহ্বানের পর সাড়ে সাত শ" আবেদনকারীর মধ্যে মন্ত্রণালয় ২৬১ জনের একটি তালিকা সৌদি এক্সপার্টদের সামনে উপস্থাপন করে। সৌদি এক্সপার্টরা লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে গত ২২ এপ্রিল ১৫ সৌভাগ্যবানকে নির্বাচিত করেন।

এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের পরিচালক প্রফেসর খলিলুর রহমান বলেন, বাংলাদেশ থেকে এডুকেশনে ম্যানপাওয়ার রফতানির ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচন হয়েছে। সৌদি এক্সপার্টরা বলেছেন, তাঁদের দৃষ্টিতে যোগ্য বাংলাদেশের শিক্ষকরা ক্লাসরুমে দক্ষতা দেখাতে পারলে এবং অন্যান্য দেশ থেকে নেয়া শিক্ষকদের সঙ্গে প্রতিযোগিতায় টিকতে পারলে ভবিষ্যতে আরও ইংরেজী শিক্ষক নেয়া হবে।